

## স্পেনের ভিসা সহজ করার অনুরোধ

- A Monitor Desk Report

Date: 24 November, 2021



মঙ্গলবার (২৩ নভেম্বর) স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনসুলার ও প্রবাসী স্পেনীয়দের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক জুয়ান দুয়ার্তে কুয়াদ্রাদোর সঙ্গে বৈঠক করেন রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ। এ সময় ভিসা সহজের অনুরোধ করেন রাষ্ট্রদূত।

স্পেনের বাংলাদেশ দূতাবাস জানায়, রাষ্ট্রদূত বৈঠকে স্পেন প্রবাসী বাংলাদেশিদের কনসুলার সেবা সংক্রান্ত বিষয়গুলো গুরুত্বের সঙ্গে তুলে ধরেন। রাষ্ট্রদূত সাম্প্রতিক সময়ে বাংলাদেশি বংশোদ্ভূত স্পেনীয় পাসপোর্ট বা রেসিডেন্স কার্ডধারীদের তাদের স্বামী/স্ত্রীকে স্পেনে আনার প্রতিবন্ধকতাগুলো উপস্থাপন করেন এবং এ বিষয়ে মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন।

সম্প্রতি কয়েক হাজার আফগান শরণার্থীদের দেশটি থেকে সরিয়ে নিরাপদে আনার স্বীকৃতি হিসেবে স্পেন সরকার কর্তৃক ‘গ্রান্ড ফ্রস অব অর্ডার অব সিভিল মেরিট’ অর্জনের জন্য মহাপরিচালকে ধন্যবাদ জানান রাষ্ট্রদূত। একই সঙ্গে ছয় বাংলাদেশিকে স্পেন হয়ে বাংলাদেশে প্রত্যাবর্তনে সহায়তার জন্য মহাপরিচালকে ধন্যবাদ জানান রাষ্ট্রদূত।

রাষ্ট্রদূত বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অর্জিত বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নের সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন।

এ সময় রাষ্ট্রদূত স্পেনের মহাপরিচালকে জানান, বাংলাদেশ অধিক জনসংখ্যার দেশ হওয়া সত্ত্বেও এরই মধ্যে শতকরা ২৫ ভাগ নাগরিকের করোনায় পূর্ণ ডোজ সম্পন্ন করেছে।